

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
শাখা-২।

নং- প্রকবৈকম-০২/০০০৪(৩)/২০০২(অংশ-১)/৫০১

০৫/০৩/১৪১৫ বাং।
তারিখ : -----
১৯/০৬/২০০৮ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

বিষয় : রেমিটেন্স প্রেরণকারী প্রবাসী বাংলাদেশীদের বিশেষ নাগরিক সুবিধা/২০০৯ প্রদানের জন্য সুবিধাভোগী নির্বাচন প্রসঙ্গে।

২০০৯ সালের জন্য বিশেষ নাগরিক সুবিধা প্রদানের নিমিত্ত রেমিটেন্স প্রেরণকারী প্রবাসী বাংলাদেশীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

২। সুবিধাভোগী নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্ণায়কগুলো বিবেচনা করা হবে :

(i) ২০০৭-২০০৮ অর্থ বছরে বৈধ ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে ন্যূনতম ৫০০০ মার্কিন ডলার/সমপরিমাণ বৈদেশিক মুদ্রা বাংলাদেশে প্রেরণ এবং

(ii) নগদায়নের সনদপত্র/বৈধভাবে টাকা প্রেরণের প্রমাণপত্র।

৩। নিম্নবর্ণিত ক্ষেত্রে কোন ব্যক্তি সুবিধা ভোগের জন্য নির্বাচিত হওয়ার অযোগ্য বলে বিবেচিত হবেন। যথাঃ

(i) সুবিধাভোগী হিসেবে নির্বাচিত হওয়ার জন্য আবেদনকারী দেশে ঋণখেলাপী কিংবা কর খেলাপী হলে; অথবা

(ii) আবেদনকারী আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হলে এবং সাজা ভোগ করার পর পাঁচ বছর সময় অতিবাহিত না হলে কিংবা অন্য কোন কারণে অবাস্ত্বিত ব্যক্তি বিবেচিত হলে।

৪। বিশেষ নাগরিক সুবিধা নিম্নে বর্ণিত ২(দুই) শ্রেণীতে প্রদান করা হবে :

(i) ক শ্রেণী- ১,০০,০০১ ও তদুর্ধ্ব মার্কিন ডলার/সমপরিমাণ বৈদেশিক মুদ্রা প্রেরণকারী।

(ii) খ শ্রেণী- ৫,০০০-১,০০,০০০ মার্কিন ডলার/সমপরিমাণ বৈদেশিক মুদ্রা প্রেরণকারী।

৫। নির্বাচিত সুবিধাভোগীদের নিম্নবর্ণিত সুযোগ-সুবিধা প্রদান করা হবেঃ

- (i) বিদেশ গমন ও বিদেশ হতে প্রত্যাগমনে বাংলাদেশ বিমান বন্দরে বিশেষ ইমিগ্রেশন কাউন্টার ও পৃথক কাষ্টমস্ ব্যাগেজ কাউন্টার সুবিধা থাকবে। এছাড়া বিমানবন্দরে নির্বাচিত সুবিধাভোগীদের সাহায্যের জন্য স্বেচ্ছাসেবক ও হেল্প ডেস্ক থাকবে;
- (ii) স্ত্রী, পুত্র, কন্যা ও নিজের চিকিৎসার জন্য সরকারি হাসপাতালে কেবিনসহ অন্যান্য সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার পাবেন;
- (iii) পুলিশ স্টেশন কর্তৃক পরিবারবর্গের নিরাপত্তা প্রদানের ও সম্পদ সংরক্ষণের বিশেষ অগ্রাধিকার পাবেন;
- (iv) শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র/ছাত্রী ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন;
- (v) রাজউক বা অন্যান্য সরকারী সংস্থা থেকে ভূমি ক্রয়ের ক্ষেত্রে প্রবাসী বাংলাদেশীদের জন্য নির্ধারিত কোটার বিপরীতে সুবিধাভোগীদের প্রাপ্ত মোট পয়েন্টের ভিত্তিতে অগ্রাধিকার পাবেন;
- (vi) জমি/ফ্ল্যাট রেজিস্ট্রেশন ও নাম জারীর ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন;
- (vii) বিভিন্ন জাতীয় দিবসের অনুষ্ঠানে বিদেশে বাংলাদেশ মিশনসমূহ কর্তৃক আমন্ত্রণ পাবেন;
- (viii) ভ্রমণের ক্ষেত্রে সড়ক, রেল ও জলযানে আসন সংরক্ষণের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন;
- (ix) বিমান বন্দরে সিআইপি লাউঞ্জ ব্যবহার এবং স্পেশাল হ্যাভলিংয়ের সুবিধা পাবেন;
- (x) ফেরত আসা প্রবাসী বাংলাদেশীদের বিদেশে পুনঃ চাকরি প্রাপ্তির লক্ষ্যে পাসপোর্ট নবায়নের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন এবং
- (xi) বিমান বন্দরে দ্রুত কাষ্টমস্ ক্লিয়ারেন্স সুবিধা পাবেন।

উক্ত সুবিধাগুলোর মধ্যে ক শ্রেণীকে উপরে বর্ণিত (i)-(xi) এবং খ শ্রেণীকে (i)-(vi) ও (x)-(xi) ধরনের সুবিধা প্রদান করা হবে।

৬। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে প্রত্যেক নির্বাচিত সুবিধাভোগীকে ২(দুই)টি করে বিশেষ পরিচয়পত্র/কার্ড প্রদান করা হবে, যার একটি সুবিধাভোগীর নিজের এবং অপরটি নমিনীর ব্যবহারের জন্য নির্দিষ্ট থাকবে। আবেদনপত্রে নমিনীর নাম উল্লেখ করা না হলে শুধু সুবিধাভোগীকে একটি কার্ড প্রদান করা হবে।

৭। ০৯/০৭/২০০৮ - ৩১/০৭/২০০৮ মধ্যে নির্ধারিত ফরমে আবেদনপত্র সংশ্লিষ্ট মিশনে দাখিল করতে হবে। আবেদনকারী ও নমিনির ২ কপি করে স্ট্যাম্প সাইজের ছবি প্রদান করতে হবে।

৮। কোন আবেদনপত্র সরাসরি মন্ত্রণালয়ে দাখিল করা যাবে না। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না।

৯। সুবিধাভোগী হিসেবে নির্বাচিত হওয়ার জন্য আবেদনকারী ভুল তথ্য প্রদান করলে এবং যদি উক্ত ভুল প্রমাণিত হয় তাহলে কোন ব্যক্তি সুবিধাভোগী হিসেবে নির্বাচিত হয়ে থাকলেও তিনি অযোগ্য বলে বিবেচিত হবেন এবং প্রদত্ত কার্ড বাতিল করা হবে। এছাড়া তিনি ভবিষ্যতে সুবিধাভোগী হিসেবে নির্বাচিত হওয়ার জন্য আবেদন করতে পারবেন না।

১০। আবেদনপত্রের ফরম www.probashi.gov.bd ও www.bmet.org.bd হতে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। বিস্তারিত তথ্য উভয় ওয়েবসাইটে পাওয়া যাবে।

স্বাক্ষরিত/-
(বিকাশ চন্দ্র সিকদার)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬৬০৩৪

নং- প্রকবৈকম-০২/০০০৪(৩)/২০০২(অংশ-১)/৫০১

তারিখ : ০৫/০৩/১৪১৫ বাং।
১৯/০৬/২০০৮ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
- ২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৪। সচিব, (সকল মন্ত্রণালয়/বিভাগ)।
- ৫। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। মান্যবর রাষ্ট্রদূত/হাইকমিশনার বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন (সকল)।
(নির্ধারিত সময়ে প্রাপ্ত আবেদনপত্রসমূহ মতামতসহ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
- ৭। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ।
- ৮। মহা পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
- ৯। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। বিভাগীয় কমিশনার (সকল)।
- ১১। সদস্য, নির্বাহী পরিষদ, বিনিয়োগ বোর্ড, ঢাকা।
- ১২। জেলা প্রশাসক (সকল)।
- ১৩। অধ্যক্ষ টিটিসি (সকল)।
- ১৪। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (সকল)।

স্বাক্ষরিত/-
(বিকাশ চন্দ্র সিকদার)
সিনিয়র সহকারী সচিব

